


# ছবি তোলার পদ্ধতি

ভেরিফিকেশনের তৃতীয় ধাপে নিম্নের ছবি এর মত স্ক্রিন দেখতে পাবেন। উপরে বামদিকে “Allow” বাটনে ক্লিক করুন।





শুরুতে ফ্রেমের নিচে “পজিশন ঠিক নাই” বাটনটি দেখতে পাবেন।







গ্রাহকের মুখমন্ডল ফ্রেমের মধ্যে মার্ক করা যায়গার মধ্যে নিয়ে আসুন। চেষ্টা করতে হবে ফ্রেমের ভিতর মার্ক করা যায়গার ৭০-৮০ শতাংশ জুড়ে যেন মুখ থাকে। খেয়াল রাখতে হবে গ্রাহকের মুখের উপর যেন পর্যাপ্ত আলো পরে এবং গ্রাহকের মুখ ক্যামেরা এর যতটা সম্ভব কাছে থাকে। গ্রাহকের মুখের পজিশন ঠিক থাকলে "পজিশন ঠিক নাই" বাটনটি পরিবর্তিত হয়ে "ছবি তোলার জন্য ক্লিক করুন" হয়ে যাবে এবং ক্লিক করলে ছবি উঠবে।




তোলা ছবিটি নিচে ডানদিকে চলে আসবে।




ছবি তোলার সময় অবশ্যই নিম্নের নিয়মগুলো মেনে ছবি তুলতে হবে-


- পিছনে সাদা পর্দা, পেপার, ব্যানার বা দেয়াল থাকবে।
- ক্যামেরা সামনে কোন আলোর উৎস থাকবে না।
- আলোর উৎস থাকবে ক্যামেরার পেছনে, সেটা দরজা, জানালা বা লাইট হতে পারে। আলো যেন ভোক্তার মুখের উপর পড়ে সেটা নিশ্চিত করতে হবে।
- যার ছবি তোলা হবে, তিনি ঘাড় সোজা করে ক্যামেরার দিকে তাকাবেন, মুখে মাস্ক বা অন্য কিছু থাকবে না, মাথায় ক্যাপ থাকবে না, চোখে সানগ্লাস থাকবে না। দুই কান দৃশ্যমান রেখে ছবি তুলতে হবে।
- ভোক্তার মুখ ফ্রেমের ৭০-৮০ শতাংশ জুড়ে থাকবে।

সব নিয়ম মানা সত্ত্বেও যদি "পজিশন ঠিক নাই" বাটন পরিবর্তন না হয় সেইক্ষেত্রে-


- ব্রাউসার আপডেটেড আছে কিনা চেক করে দেখুন। যদি আপডেটে না থাকে সেইক্ষেত্রে আপডেট করে নিন।
- ব্রাউসার পরিবর্তন করে দেখুন।
- আপনার কম্পিউটারের "This PC" তে রাইট বাটনে ক্লিক করে "Manage" অপশনে যান।




এরপর “Device Manager” এ ক্লিক করুন।





এরপর “Display adapters” এর ভিতর আপনার কম্পিউটারের যে ডিসপ্লে এডাপটার তার উপর রাইট বাটনে ক্লিক করুন। এরপর প্রথমে “Update driver” এ ক্লিক করুন। এরপর “Disable device” এ ক্লিক করুন। এরপর “Enable device” এ ক্লিক করুন।



একই ভাবে “Cameras” এর ভিতর যে ক্যামেরা এর এডাপটার রয়েছে তার উপর রাইট বাটনে ক্লিক করুন এবং “Update driver”, “Disable device” ও “Enable device” এ ক্লিক করুন।




এছাড়া চেক করুন যে অডিও ড্রাইভার রয়েছে কিনা। যদি না থাকে তো ইন্সটল করুন। যদি থাকে তাহলে তার উপর রাইট বাটনে ক্লিক করুন এবং “Update driver”, “Disable device” ও “Enable device” এ ক্লিক করুন।




- তবুও কাজ না হলে অন্য কম্পিউটার দিয়ে চেষ্টা করে দেখুন যে বাটন পরিবর্তন হয় কিনা। উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেম যুক্ত কম্পিউটার হলে সবচেয়ে ভালো হয়।
- IVCam বা এইধরনের কোন সফটওয়ার ব্যবহার করে থাকলে সেটিংস চেক করে দেখুন।

ভেরিফিকেশনের তৃতীয় ধাপে উপরে বামদিকে “Allow” বাটনে ক্লিক করার পরেও যদি ক্যামেরা ওপেন না হয় অথবা “Allow” বাটন যদি না আসে অথবা ক্যামেরা যদি ওপেন না হয়-

- আপনার কম্পিউটারের সাথে ক্যামেরা এর কানেকশন চেক করে দেখুন।
- Webcam Test দিয়ে দেখুন যে ক্যামেরা ওপেন হয় কিনা।
- ব্রাউসার এর সেটিংস থেকে দেখুন যে ক্যামেরা ব্লক করা আছে কিনা।
- IVCam বা এইধরনের কোন সফটওয়ার ব্যবহার করে থাকলে সেটিংস চেক করে দেখুন।